# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৪৩

৭. শিকার অধ্যায় (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ২. পশু রক্ষার জন্য কিংবা শিকারের জন্য কুকুর পালন সম্পর্কে

بَاب فِي اقْتِنَاءِ كَلْبِ الصَّيْدِ أَوْ الْمَاشِيَةِ

## আরবী

حَدَّثَنَا الْحَكَمُ بْنُ الْمُبَارَكِ حَدَّثَنَا مَالِكٌ عَنْ يَزِيدَ بْنِ خُصَيْفَةَ عَنْ السَّائِبِ بْنِ يَزِيدَ أَنَّهُ سَمِعَ سُفْيَانَ بْنَ أَبِي زُهَيْرٍ يُحَدِّثُ نَاسًا مَعَهُ عِنْدَ بَابِ الْمَسْجِدِ فَقَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ اقْتَنَى كَلْبًا لَا يُغْنِي عَنْهُ زَرْعًا وَلَا ضَرْعًا نَقَصَ مِنْ عَمَلِهِ كُلَّ يَوْمٍ قِيرَاطٌ قَالُوا أَنْتَ سَمِعْتَ هَذَا مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِي وَرَبِّ هَذَا الْمَسْجِدِ

## বাংলা

২০৪৩. সুফিয়ান ইবনে আবূ যুহাইর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি তার এক সঙ্গীর নিকট হাদীস বর্ণনা করলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ “যে ব্যক্তি কুকুর পোষে এবং তা তার কৃষিক্ষেত বা পশুপাল পাহারায় প্রয়োজন হয় না, তার আমল থেকে প্রতিদিন এক কীরাত পরিমাণ হ্রাস পায়।” সুফিয়ান রাদ্বিয়াল্লাহু আনহু কে জিজ্ঞেস করা হলো, আপনি কি এটি সরাসরি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট শুনেছেন? তিনি বলেন, হাঁ, এই মসজিদের প্রতিপালকের শপথ।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ । এটি বুখারী ও মুসিলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: মালিক, ইসতি’যান ১২; আহমাদ ৫/১১৯, ১২০; ইবনু আবী শাইবা, ৫/৪০৯, রদ্দু আলা আবী হানীফাহ ১৪/২০৮ নং ১৮১১০; ইবনু মাজাহ, সাইদ ৩২০৬; ইবনু আবী আসীম, আল আহাদ ওয়াল মাছানী নং ১৫৯৮; তাবারাণী, আল কাবীর ৭/৭৪ নং ৬৪১৪; বুখারী, হারছু ওয়াল মাযারা’আহ ২৩২৩, বাদাউল খালক ৩৩২৫; মুসলিম, মাসাকাহ ১৫৭৬; নাসাঈ, সাইদওয়ায যাবাইহ ৭/১৮৭, ১৮৮; ইবনুল কানি’ মু’জামুস সাহাবাহ তরজমাহ ৩৮৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সুফইয়ান ইবনু আবূ যুহায়র (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82326

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন